যুগান্তর
তারিখ 0.2 SEP 2008
পৃষ্ঠা ২ কলাম ৬

# যুক্তরাজ্যের উচ্চশিক্ষা ও গবেষণায় যুক্ত হল বাংলাদেশ

যুগান্তর রিপোর্ট

যুক্তরাজ্যের সঙ্গে উচ্চশিক্ষা ও গবেষণায় বাংলাদেশসহ এশিয়ার ৫টি দেশকে যুক্ত করার নতুন প্রকল্প নিয়েছে ব্রিটিশ কাউন্সিল। এ প্রকল্পের আওতায় বাংলাদেশ-যুক্তরাজ্যের বিশ্ববিদ্যালয়ের মধ্যে জ্ঞান ও পেশাগত দক্ষতা বৃদ্ধির সুযোগ সৃষ্টি হবে। গবেষক ও শিক্ষার্থী বিনিময়ের সুযোগও থাকবে এ প্রকল্পে। প্রকল্পের অধীনে 'ইন্সপায়ার', নামে একটি বৃত্তি প্রকল্প রয়েছে, যা থেকে আর্থিক সহায়তা দেয়া হবে। সোমবার রাজধানীর একটি অভিজাত হোটেলে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি), পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সাংবাদিক ও গবেষকদের সঙ্গে ব্রিটিশ কাউন্সিলের কর্মকর্তারা এ বিষয়ে মতবিনিময় করেন।

ব্রিটিশ কাউন্সিলের এডুকেশন প্রমোশন ও মার্কেটিং ম্যানেজার রাইকা রিপাওয়ালি খান জানান, বাংলাদেশ, পাকিস্তান, ইরান, কাজাখস্তান ও আফগানিস্তানের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের গবেষকদের বৃত্তি প্রদান, শিক্ষকদের অংশীদারিত্বমূলক ভ্রমণ, মেধাবী গবেষক বিনিময় এবং শিক্ষানীতি সম্পর্কিত সেমিনার-সিম্পোজিয়াম করা হবে। প্রাথমিকভাবে পরিবেশ ও জলবায়ু পরিবর্তন, নবায়নযোগ্য ও বিকল্প শক্তি, জৈব প্রযুক্তি ও জিন ইঞ্জিনিয়ারিং এবং চারুকলা— এই ৪টি বিষয় নিয়ে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্পের কাজ শুরু করা হচ্ছে। পরবর্তীতে অগ্রাধিকার ভিত্তিতে গণযোগাযোগ ও সাংবাদিকতা, জেন্ডার স্টাডিজ ও আইনসহ আরও ১১টি বিষয়ও প্রকল্পের অধীনে আনা হবে।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম। এছাড়াও ব্রিটিশ কাউন্সিলের ভারপ্রাপ্ত পরিচালক পিটার অ্যাস্টন, রাইকা রিপাওয়ালি খান, অর্থ ও প্রকল্প ম্যানেজার মোঃ ওমর ফারুক বক্তৃতা করেন।